শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৮)/২০২১-২২৯৪

তারিখঃ ০৩-১১-২০২২ খ্রিঃ

## ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের আওতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

নির্দেশাবলীঃ

১। ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা সর্বশেষ অটোমাইগ্রেশনের পর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের **কেন্দ্রীয় অডিটোরিয়ামে** স্ব-শরীরে উপস্থিত হয়ে বিভিন্ন অনুষদ/ডিগ্রির নির্ধারিত ফি'র সাথে পূর্বে/প্রথম ধাপে জমাকৃত টাকা ১০,০০০.০০ (দশ হাজার) সমন্বয় করে অবশিষ্ট টাকা জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। **ভর্তির সময়সূচিঃ**
ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে নিম্নবর্ণিত রোল নম্বরের ক্রম ও সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। সেজন্য নির্ধারিত রোল নম্বরধারীকে নির্ধারিত তারিখেই বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে ভর্তি হওয়ার জন্য বলা হলোঃ

| ভর্তি পরীক্ষার রোল নম্বর | ভর্তির তারিখ ও সময় |
|---|---|
| **10358 to 45000** | **০৮-১১-২২ তারিখ, মঙ্গলবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা** |
| **45001 to 70000** | **০৯-১১-২২ তারিখ, বুধবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা** |
| **70001 to 89102** | **১০-১১-২০২২, তারিখ, বৃহস্পতিবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা** |

৩। **অনুষদ/ডিগ্রিভিত্তিক ভর্তি ফি'র পরিমাণঃ**

| অনুষদের নাম | ডিগ্রির নাম | ফি'র পরিমাণ |
|---|---|---|
| কৃষি | বিএসসি এজি (অনার্স) | ১৭৪০০.০০ |
| এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট | বিবিএ (এগ্রিবিজনেস) | ১৯৬০০.০০ |
| | বিএসসি এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স) | ১৭৬০০.০০ |
| এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন | বিএসসি ভেট. সাইন্স এন্ড এএইচ | ২৩৮৫০.০০ |
| ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স | বিএসসি ফিশারিজ (অনার্স) | ১৭১০০.০০ |

- **উল্লেখ্য যে, উপরোক্ত ভর্তি ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হওয়ার জন্য আনুমানিক =২৭৫০.০০ (দুই হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য আনুমানিক =১২৫০.০০ (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে।**

৪। **ভর্তির সময় প্রার্থীদেরকে-**
ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগে আনতে হবে এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার **মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট মূল প্রশংসাপত্র ও ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি** (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ) জমা দিতে হবে।

৫। **কোটায় নির্বাচিত প্রার্থীদের জন্য উপরোল্লিখিত ডকুমেন্টস ছাড়াও-**

(ক) মুক্তিযোদ্ধা কোটার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বাক্ষরিত স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদ ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি জমা দিতে হবে।

(খ) মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট **বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান** এ বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সনদের মূল কপি জমা দিতে হবে।

(গ) উপজাতি/আদিবাসী কোটার জন্য জেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।

(ঘ) হরিজন-দলিত কোটার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।

(ঙ) পোষ্য কোটার ক্ষেত্রে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।

(চ) বিকেএসপি কোটার ক্ষেত্রে প্রতিষ্ঠান (বিকেএসপি) প্রধান কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।

(ছ) সিটমহল কোটার ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।

চলমান পাতা ../২

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৮)/২০২১-২২৯৪ তারিখঃ ০৩-১১-২০২২ খ্রিঃ

৬। ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের চিকিৎসকের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

৭। ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী ভর্তির সময় জমাকৃত তার কোন ডকুমেন্টস প্রয়োজনে সাময়িক সময়ের জন্য উত্তোলন করতে চাইলে রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে এবং জামানত হিসেবে টাকা ১০,০০০.০০ (দশ হাজার) জমা দিতে হবে। তবে ভর্তি বাতিল করার জন্য ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০.০০(দশ হাজার) টাকা জমা দিতে হবে।

৮। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে কোন না কোন হলে আবাসিক/অনাবাসিক হিসেবে সংযুক্ত হতে হবে।

৯। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)ঃ**

১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ,একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি।
২। পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি, শেকৃবি।
৩। আবহায়ক, নিরীক্ষা কমিটি, ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, শেকৃবি (ভর্তির প্রথম দিনের কমিটিকে ০৮-১১-২০২২ তারিখ, ভর্তির দ্বিতীয় দিনের কমিটিকে ০৯-১১-২০২২ তারিখ এবং ভর্তির তৃতীয় দিনের কমিটিকে ১০-১১-২০২২ তারিখ সকাল ৯:০০ টা থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত উপস্থিত থাকার অনুরোধসহ)
৪। বিভাগীয় চেয়ারম্যান (সকল)..............................................................................বিভাগ, শেকৃবি।
৫। লাইব্রেরিয়ান, শেকৃবি
৬। প্রভোস্ট (সকল)........................................................................................ শেকৃবি।
(ভর্তির দিনগুলিতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
৭। প্রক্টর, শেকৃবি। (ভর্তির দিনগুলিতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
৮। পরিচালক (সংশ্লিষ্ট)........................................................................................ শেকৃবি।
৯। পরিচালক, আইসিটি, শেকৃবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০। পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি।
১১। চীফ মেডিকেল অফিসার, শেকৃবি (ভর্তির দিনগুলিতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
১২। প্রধান প্রকৌশলী, শেকৃবি।
১৩। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট)..............................................................শেকৃবি।
১৪। ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি।
১৫। জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি।
১৬। ডেপুটি রেজিস্ট্রার (এস্টেট), শেকৃবি ( ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে (কেন্দ্রীয় অডিটোরিয়াম প্রস্তুত করার জন্য)।
১৭। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি।
১৮। পিএ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি।
১৯। অফিস নথি/মহানথি।